আমরা করবো জয় একদিন

স্থাপিত : ২০২২

ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

EMIS Code : 803012022 EIIN : 140347

প্লে শ্রেণি থেকে দশম শ্রেণি

ডাঃ ফারুক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত

ভর্তি তথ্য সহায়িকা-২০২৭

২০২৭ শিক্ষাবর্ষে প্রভাতি ও দিবা শাখায় নিম্নলিখিত শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে

প্লে শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি

শ্রেণি	প্রভাতি		দিবা	
	শিক্ষার্থী	আসন সংখ্যা	শিক্ষার্থী	আসন সংখ্যা
প্লে	ছাত্র ও ছাত্রী	২৪	ছাত্র ও ছাত্রী	২৪
নার্সারী	ছাত্র ও ছাত্রী	৫০	ছাত্র ও ছাত্রী	৬০
কেজি	ছাত্র ও ছাত্রী	২৫	ছাত্র ও ছাত্রী	৪০
প্রথম	ছাত্র ও ছাত্রী	২০	ছাত্র ও ছাত্রী	৫০
দ্বিতীয়	ছাত্র ও ছাত্রী	২০	ছাত্র ও ছাত্রী	৫০

তৃতীয় শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি

শ্রেণি	প্রভাতি		দিবা	
	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী
তৃতীয়	৪০	৩৫	৫০	৫০
চতুর্থ	X	১০০	২০	X
পঞ্চম	X	৪০	১০	X
ষষ্ঠ	X	৪০	৬০	X

প্রভাতি শাখা (প্লে, নার্সারী ও কেজি শ্রেণি)	: সকাল ৯টা থেকে
প্রভাতি শাখা (প্রথম ও দ্বিতীয় শ্রেণি)	: সকাল ৮:৩০ মিনিট থেকে
প্রভাতি শাখা (তৃতীয় শ্রেণি থেকে দশম শ্রেণি)	: সকাল ৭:৩০ মিনিট থেকে
দিবা শাখা (প্লে শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি)	: দুপুর ১২টা থেকে
দিবা শাখা (তৃতীয় শ্রেণি থেকে দশম শ্রেণি)	: দুপুর ১২:২০ মিনিট থেকে

বিশেষ প্রয়োজনে অথবা সরকারি নির্দেশনা অনুযায়ী সময়সূচি পরিবর্তন হতে পারে

যোগাযোগ

প্রাথমিক শাখা : ০১৯৭৩-৩৬১৩৫৭ # মাধ্যমিক শাখা : ০১৮৪৯-৭৪৮২৩১

২০২৭ শিক্ষাবর্ষে ভর্তির সময় প্রদেয় ফি (প্লে শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি)

বিবরণ	প্লে, নার্সারী ও কেজি	প্রথম ও দ্বিতীয়	তৃতীয়, চতুর্থ ও পঞ্চম	ষষ্ঠ শ্রেণি
ভর্তি ফি	১০০০/-	১০০০/-	১০০০/-	১০০০/-
জানুয়ারি মাসের বেতন	১০০০/-	১১০০/-	১২০০/-	১৪০০/-
সেশন ফি, উন্নয়ন ফি, আই.সি.টি ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি	৫৫০০/-	৬০০০/-	৬৫০০/-	৬৫০০/-
মোট	৭৫০০/-	৮১০০/-	৮৭০০/-	৮৯০০/-

স্কুলের বৈশিষ্ট্য...

- সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে পরিচালিত। শিক্ষার্থীদের প্রদেয় অর্থ থেকে সকল ব্যয়ভার বহন করা হয়।
- পুরাতন শিক্ষার্থীদের কোন ভর্তি ফি/পূর্ণ ভর্তি ফি নেওয়া হয় না।
- সাপ্তাহিক, মাসিক পরীক্ষার ফি নেওয়া হয় না। সাময়িক (অর্ধ-বার্ষিক, প্রাক্-নির্বাচনি, নির্বাচনি, বার্ষিক) পরীক্ষার ফি নেওয়া হয়।
- স্কুলটি দুই শিফটে (প্রভাতি ও দিবা শাখা) পরিচালিত হয়।
- নবম-দশম শ্রেণিতে শুধুমাত্র বিজ্ঞান ও মানবিক শাখায় পাঠদান করা হয়।
- পাঠদানে মাল্টিমিডিয়া ব্যবহার করা হয়। শ্রেণি কক্ষসহ সম্পূর্ণ ক্যাম্পাস সি. সি. ক্যামেরা দ্বারা পর্যবেক্ষণ করা হয়। ডিজিটাল পদ্ধতিতে ছাত্র/ছাত্রী ও শিক্ষক কর্মচারীদের উপস্থিতি গ্রহণ।
- অনুপস্থিত শিক্ষার্থীদের SMS এর মাধ্যমে অভিভাবকদের অবহিত করা হয়।
- সুসজ্জিত পাঠাগার, বিজ্ঞানাগার ও কম্পিউটার ল্যাব বিদ্যমান।
- শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, শিল্প-সাহিত্য ও অন্যান্য সহপাঠক্রমিক কার্যক্রমে বিশেষ গুরুত্বারোপ করা হয়।
- প্রাইমারি ও জুনিয়র বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের স্কুল থেকে প্রতি মাসে ২০০/- হারে বৃত্তি প্রদান করা হয় যা বেতনের সাথে সমন্বয় করা হয়।
- নিয়মিত অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।
- নির্দিষ্ট সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা ক্লাস ও পরীক্ষা গ্রহণ।
- বিশেষ সাফল্যের জন্য কৃতি শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা হয়।
- কোন ধরণের ফি ছাড়া প্রাথমিক, জুনিয়র বৃত্তি ও এস.এস.সি পরীক্ষার্থীদের মডেল টেস্ট গ্রহণ করা হয়।
- বিদ্যালয়ে অধ্যয়নরত সকল ছাত্র/ছাত্রীকে বিদ্যালয়ের পক্ষ থেকে বিনামূল্যে ডায়েরি ও স্কুল ব্যাজ সরবরাহ করা হবে। বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবক কার্ড প্রদান করা হবে।

ভর্তি বিষয়ক প্রয়োজনীয় তথ্যাবলী

- ভর্তি নীতিমালা অনুযায়ী ১ম শ্রেণিতে ভর্তির ১ জানুয়ারি ২০২৭ তারিখে বয়স ৬ বছর বা তার বেশি তবে অবশ্যই সাত বছরের কম হতে হবে (জন্ম তারিখ ০১/০১/২০২০ হতে ৩১/১২/২০২০ পর্যন্ত)।
- ভর্তির জন্য ছাত্র/ছাত্রীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, অনলাইন জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (যেখানে বাংলা ও ইংরেজি একত্রে) এবং পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র (এনআইডি/স্মার্টকার্ড) এর ফটোকপি জমা দিতে হবে। মূলকপি সাথে আনতে হবে। ষষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে পূর্ববর্তী বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ভর্তির সময় একজন ছাত্র/ছাত্রীকে ভর্তির ফি, সেশন ফি, উন্নয়ন ফি, আইসিটি ফি, অন্যান্য আনুষঙ্গিক ফি ও জানুয়ারি মাসের বেতন একত্রে পরিশোধ করতে হবে।

ছাত্র/ছাত্রীদের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী

- প্রতিদিন স্কুলের নির্ধারিত সময়ের ১৫ মিনিট পূর্বে স্কুলে আসতে হবে। ক্লাস শুরু হওয়ার পর কোন শিক্ষার্থীকে ক্লাসে প্রবেশ করতে অথবা বের হতে দেওয়া হবে না।
- শিক্ষার্থীদের আইডি কার্ড পাঞ্চ করে বিদ্যালয়ে প্রবেশ করতে হবে।
- বিদ্যালয়ে মোবাইল আনা সম্পূর্ণ নিষেধ। বিশেষ প্রয়োজনে বিদ্যালয় কর্তৃপক্ষের মোবাইল ব্যবহার করা যাবে। পরিষ্কার পরিচ্ছন্ন স্কুল ড্রেস পরে স্কুলে আসতে হবে এবং আইডি কার্ড সাথে আনতে হবে।
- নখ বড় রাখা যাবে না এবং চুলের কাটিং রুচিশীল ও গ্রহণযোগ্য হতে হবে এবং চুল কালার করা যাবে না।
- স্কুলে উপস্থিতির হার কমপক্ষে ৭৫% হতে হবে। প্রতিদিনের প্রয়োজনীয় পাঠ্যবই, খাতা এবং নোটবুক সঙ্গে রাখতে হবে। সাপ্তাহিক ছুটি মাউশির নির্দেশনা অনুযায়ী।
- নিজস্ব টিফিন ও ওয়াটার পট নিয়ে স্কুলে আসতে হবে। স্কুল চলাকালীন সময়ে ছাত্র-ছাত্রী বাহির থেকে কোন টিফিন ক্রয় করতে পারবে না এবং অভিভাবকবৃন্দ স্কুল চলাকালীন সময়ে ছাত্র-ছাত্রীদেরকে টিফিন প্রদান করতে পারবে না।
- স্কুল চলাকালীন কোন ছাত্র-ছাত্রীর ছুটির প্রয়োজন হলে কর্তৃপক্ষ বরাবর আবেদন করে অনুমতি নিতে হবে। কোন অবস্থাতেই শিক্ষার্থী একা যেতে পারবে না, অভিভাবক অথবা অভিভাবক প্রদত্ত লিখিত আবেদনসহ কোন প্রতিনিধি এসে নিয়ে যাবেন। উল্লেখ্য যে, প্রতি তিন দিন এরূপ আংশিক ছুটি এক দিন অনুপস্থিত বলে বিবেচিত হবে।
- নিয়মিত পড়া শিখে এবং বাড়ির কাজ করে স্কুলে আসতে হবে। শিক্ষা উপকরণ ছাড়া অন্য কোন প্রকার সামগ্রী যেমন: মোবাইল ফোন, এমপি-থ্রি, পেনড্রাইভ, গল্পের বই, সোনার গহনা, ব্রেসলেট, আংটি, নেকলেস ইত্যাদি স্কুলে নিয়ে আসা সম্পূর্ণ নিষেধ। নিষিদ্ধ সামগ্রী স্কুলে নিয়ে আসলে তা বাজেয়াপ্ত করা হবে এবং বহনকারী ছাত্র-ছাত্রীকে শাস্তির সম্মুখীন হতে হবে।
- বিদ্যালয় কর্তৃক নির্ধারিত সকল পরীক্ষায় অংশগ্রহণ ছাত্র-ছাত্রীদের জন্য বাধ্যতামূলক। যে কোন কারণেই হোক না কেন পরীক্ষায় কোন বিষয়ে অংশগ্রহণ না করলে সেই বিষয়ে প্রাপ্ত স্কোর ০০ (শূণ্য) ধরা হবে।
- পরীক্ষা চলাকালীন বিদ্যালয়ে স্কুল ব্যাগ আনা যাবে না। সাদা স্বচ্ছ ফাইল ব্যবহার করতে পারবে।

স্কুলের পোষাক

প্লে শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি...

মেয়ে : সাদা হাফ/ফুল শার্ট (বাম পাশে একটি বুক পকেট ও সোল্ডার ফ্ল্যাপসহ), বটল গ্রীণ স্কার্ট (হাঁটুর নিচ পর্যন্ত), কালো সু, সাদা মোজা, শীতকালে লাল সোয়েটার।

ছেলে : সাদা হাফ/ফুল শার্ট (দুইটি বুক পকেট ও সোল্ডার ফ্ল্যাপসহ), বটল গ্রীণ হাফ/ফুল প্যান্ট, সাদা কেডস, সাদা মোজা, শীতকালে লাল সোয়েটার।

তৃতীয় শ্রেণি থেকে দশম শ্রেণি...

মেয়ে : জলপাই রংয়ের থ্রি-কোয়ার্টার শার্ট কলার কামিজ (সোল্ডার ফ্ল্যাপসহ), সাদা সালোয়ার, জলপাই রংয়ের বেল্ট, সাদা স্কার্ফ, সাদা ওড়না, সাদা কেডস/ কালো সু, সাদা মোজা, শীতকালে নেভী ব্লু সোয়েটার।

ছেলে : সাদা ফুল শার্ট (দুইটি বুক পকেট ও সোল্ডার ফ্ল্যাপসহ), বটল গ্রীণ ফুল প্যান্ট, সাদা কেডস/কালো সু, সাদা মোজা, শীতকালে নেভী ব্লু সোয়েটার।

২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাবলী

প্লে শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি

ভর্তির আবেদন ফরম বিতরণ শুরু	:	২২ নভেম্বর, ২০২৬ থেকে
ভর্তির আবেদন ফরম প্রদানের সময়	:	সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত)
ভর্তির আবেদন ফরম প্রাপ্তিস্থান	:	প্রধান ক্যাম্পাস (ছয় তলা বিল্ডিং)
ভর্তির আবেদন ফরমের মূল্য	:	প্লে শ্রেণি থেকে প্রথম শ্রেণি ১০০/- দ্বিতীয় শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি ২০০/-
ফরম জমা নেয়া ও প্রবেশপত্র প্রদান	:	০১ ডিসেম্বর, ২০২৬ থেকে

ভর্তি প্রক্রিয়া

প্লে, নার্সারী ও কেজি শ্রেণিতে ছাত্র/ছাত্রী ও অভিভাবকের সাক্ষাতকারের মাধ্যমে সরাসরি ভর্তি।

প্রথম শ্রেণি : লটারী ও সাক্ষাতকারের মাধ্যমে

দ্বিতীয় শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি
ভর্তি পরীক্ষা ও সাক্ষাতকারের মাধ্যমে

প্লে শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণির পর্যন্ত শ্রেণি কার্যক্রম পন্ডিতপাড়া ক্যাম্পাসে চলবে

তৃতীয় শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত শ্রেণি কার্যক্রম প্রধান ক্যাম্পাস ও অন্যান্য ক্যাম্পাসে চলবে

পরীক্ষার বিষয় ও মানবন্টন

দ্বিতীয় ও তৃতীয় শ্রেণি : বাংলা-১৫, ইংরেজি-১৫, গণিত-২০, মোট ঃ ৫০, সময় : ১ ঘন্টা
চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ শ্রেণি : বাংলা-৩০, ইংরেজি-৩০, গণিত-৪০, মোট ঃ ১০০, সময় : ২ ঘন্টা

সহপাঠ্যক্রমিক কার্যক্রম ও বিভিন্ন অনুষ্ঠান

বার্ষিক মিলাদ মাহফিল, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণী অনুষ্ঠান, অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা, হাতের লেখা প্রতিযোগিতা, দেয়ালিকা লিখন, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা, বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন, বিজ্ঞান অলিম্পিয়াড ক্লাব, গণিত অলিম্পিয়াড ক্লাব, উপস্থিত বক্তব্য প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি প্রতিযোগিতা, বিভিন্ন অনুষ্ঠান উপস্থাপনা প্রতিযোগিতা।

মুক্তিযোদ্ধা কোটায় কেউ ভর্তি হতে চাইলে আবেদন ফরম জমা দেওয়ার সময় মুক্তিযোদ্ধা প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

যোগাযোগ

ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

৫৯/৫, গঙ্গাদাস গুহ রোড, ময়মনসিংহ
E-mail : upsmymensingh@gmail.com # website : uniqueprogressiveschool.com
প্রাথমিক শাখা : ০১৯৭৩-৩৬১৩৫৭ # মাধ্যমিক শাখা : ০১৮৪৯-৭৪৮২৩১

মুদ্রণ : লিমা প্রিন্টিং প্রেস, ময়মনসিংহ। প্রয়োজনে : ০১৮১৮-৪০১১০৯